৩১ জানুয়ারী, ২০২৬

# উত্তরাঞ্চলে কৃষিনির্ভর শিল্পে জোর দেবে বিএনপি: তারেক রহমান



বিএনপি চেয়ারম্যান তারেক রহমান। ছবি: সংগৃহীত

সিরাজগঞ্জ ও পাবনাসহ উত্তরাঞ্চলে কৃষিভিত্তিক শিল্প গড়ে তোলার পরিকল্পনার কথা জানিয়েছেন বিএনপির শীর্ষ নেতা তারেক রহমান। তিনি বলেন, কৃষির উন্নয়ন, তাঁতশিল্পের বিকাশ এবং তরুণদের দক্ষতা বাড়িয়ে কর্মসংস্থান তৈরি করা হবে।

শনিবার (৩১ জানুয়ারি) সিরাজগঞ্জ বিসিক শিল্প পার্কে নির্বাচনি জনসভায় তিনি বলেন, জবাবদিহিমূলক সরকার প্রতিষ্ঠা হলে মানুষের প্রকৃত সমস্যার সমাধান সম্ভব। সব ধর্ম-বর্ণের মানুষের শান্তিপূর্ণ সহাবস্থানের কথাও তুলে ধরেন তিনি।

তিনি জানান, এই অঞ্চলে নতুন শিল্প পার্ক স্থাপন ও কৃষিনির্ভর শিল্প বিস্তারের উদ্যোগ নেওয়া হবে। ঠাকুরগাঁও থেকে সিরাজগঞ্জ পর্যন্ত বিস্তৃত এলাকায় এ ধরনের শিল্পায়নের পরিকল্পনার কথাও উল্লেখ করেন। তাঁতশিল্প আধুনিকায়নের মাধ্যমে বৈশ্বিক বাজারে পৌঁছানোর সম্ভাবনার কথাও বলেন।

নারীদের স্বাবলম্বী করতে ‘ফ্যামিলি কার্ড’ দেওয়ার পরিকল্পনার পাশাপাশি তরুণদের দক্ষতা উন্নয়নে প্রশিক্ষণকেন্দ্র স্থাপনের আশ্বাস দেন তিনি। বিদেশগামী শ্রমিকদের দক্ষতা ঘাটতি দূর করা এবং খেলাধুলায় মেধাবীদের এগিয়ে নেওয়ার উদ্যোগের কথাও জানান তিনি।

LENS ASIA